

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭ ১৫

বিশালগড়, ৬ জুলাই, ২০২৪

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা
বিশালগড় পুর পরিষদ এলাকায় প্রাণীপালনে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় চলতি অর্থবছরে বিশালগড় পুর পরিষদ এলাকায় ১০১ জন প্রাণীপালককে প্রাণীপালনে সহায়তা দেওয়া হয়েছে। গতকাল বিশালগড় নারীমঙ্গল সিআরসি হলে এক অনুষ্ঠানে সুবিধাভোগীদের হাতে এই সহায়তা তুলে দেওয়া হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশাস্ত দেব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপাসন অঞ্জন পুরকায়স্তু, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহঅধিকর্তা কল্যাণ রায় ও পুর পরিষদের বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলারগণ। অনুষ্ঠানে পুর পরিষদ এলাকার ৭৬ জন সুবিধাভোগীকে মোরগ ও ২৫ জন সুবিধাভোগীকে হাঁস পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগীদের ১০টি করে মোরগ ও হাঁস এবং সহায়ক সামগ্রী দেওয়া হয়েছে।
